



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল
গাজীপুর-১৭০৫।

এলএল.বি. (অনার্স) প্রোগ্রাম

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন এলএল.বি.(অনার্স) প্রোগ্রামে ৫ম ব্যাচের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে শিক্ষার্থীদের ক্লাস রবি, সোম, মঙ্গল ও বুধবার অনুষ্ঠিত হবে। তবে কর্মজীবী/চাকুরিজীবী শিক্ষার্থীদের ক্লাস প্রতি শুক্র ও শনিবার অনুষ্ঠিত হবে। প্রথম ক্ষেত্রে ৭৫% ক্লাসে উপস্থিত থাকা এবং দ্বিতীয় ক্ষেত্রে ৫০% ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ করে এমন যে কোন শিক্ষার্থী আবেদন করতে পারবে। আসনের ৫% কোটা মুক্তিযোদ্ধাদের সন্তান, পোষ্য এবং নৃ-জনগোষ্ঠীর জন্যে সংরক্ষিত থাকবে। উল্লেখ্য এই বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত ডিগ্রি বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সমমানের বলে বিবেচিত হবে। এই বিশ্ববিদ্যালয় থেকে পাসকৃত ছাত্র/ছাত্রী জুডিশিয়ারী/বার কাউন্সিল/বিসিএস সহ বাংলাদেশের যেকোনো প্রথম শ্রেণির চাকুরীসহ (সরকারি/বেসরকারি/লিগ্যাল ডিভিশন) যে কোনো প্রতিযোগিতামূলক চাকুরীর পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং যোগ্য বলে বিবেচিত হবে।

বৈশিষ্ট্যসমূহ

- ◆ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স=৩ ক্রেডিট), তবে রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সিমেন্টারে বিভক্ত। প্রতি সিমেন্টারে কোর্স সংখ্যা-৫টি। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সিমেন্টারে ন্যূনতম ৩টি কোর্সেও রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সিমেন্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- ◆ এলএল.বি (অনার্স) প্রোগ্রাম পড়তে আগ্রহী আবেদনকারীদের এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বরকরে দ্বিতীয় বিভাগ বা জিপিএ ৩.৫০ করে থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।

- ফরম বিতরণ ও জমা : ১৬ অক্টোবর থেকে ১৫ ডিসেম্বর ২০১৭ পর্যন্ত।
- লিখিত পরীক্ষা : ০৫ জানুয়ারি ২০১৮ শুক্রবার বিকাল ৩ টা থেকে ৪ টা পর্যন্ত; ভর্তি পরীক্ষার স্থান ০২ জানুয়ারি, ২০১৮ পর বাউবির ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।
- ভর্তি পরীক্ষার ফল প্রকাশ : ০৮ জানুয়ারি, ২০১৮।
- মৌখিক পরীক্ষা : ১২ ও ১৩ জানুয়ারি, ২০১৮ (শুক্রবার ও শনিবার) সকাল ৯ টা থেকে; স্থান : ঢাকা আঞ্চলিক কেন্দ্র।
- ভর্তি : ২২ জানুয়ারি থেকে ০৯ ফেব্রুয়ারি, ২০১৮।

ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ❖ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ❖ ন্যূনতম পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।

ভর্তি প্রক্রিয়া

- ◆ ফরম সংগ্রহ : বাউবি ওয়েবসাইট www.bou.edu.bd অথবা ঢাকা আঞ্চলিক কেন্দ্র (৪/ক, গভ. ল্যাবরেটরী স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৬) অফিস থেকে ফরম সংগ্রহ করা যাবে।
- ◆ জমা : জনতা ব্যাংক, ঢাকা কলেজ শাখা, ঢাকা-এর নির্ধারিত একাউন্টে ৪০০/- (চারশত) টাকা জমা দিয়ে জমাদানের ব্যাংক রশিদ, পূরণকৃত ফর্ম এবং এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষার নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত কপি ঢাকা আঞ্চলিক কেন্দ্রে, কক্ষ নং-৩০৫ এ ১৫-১২-২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ◆ ভর্তি পদ্ধতি : মেধাক্রম অনুযায়ী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ পরবর্তী নির্দেশ ও নিয়ম অনুযায়ী ভর্তি হবে।
- ◆ কোর্স ফি : প্রতি কোর্স ২০০০/- (দুই হাজার) টাকা (তবে Allied Course ফি ১০০০/-)।
- ◆ রেজিস্ট্রেশন ফি : প্রতি সিমেন্টার ১০০০/- (এক হাজার) টাকা।

- ◆ (ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য একাডেমিক কাউন্সিল সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্যে প্রযোজ্য হবে।)

(ড. মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি, ভর্তি কমিটি

যোগাযোগ : ০২-৫৮৬১৩২১৭, ০২-৯৬৭৩৬৬৯, ০২-৯২৯১১০৮

ও

ডিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল